৩ রাকী ফয়সাল আহমেদ সাবিত (Raqi Faisal Ahmed Sabit)

এমবিবিএস শিক্ষার্থী, কুমিল্লা মেডিকেল কলেজ

আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার

## রুকইয়াহ: শরীরে ছড়িয়ে থাকা জাদু এবং জাদুর গিরা ধ্বংসের আমল

এই রুকইয়াহ গাইডলাইনটি আল্লাহর কালামের সাহায্যে শরীরে ও রক্তে ছড়িয়ে থাকা জাদু একত্রিত করে বের করা, পেটে ও শরীরের বিভিন্ন স্থানে থাকা জাদুর গিরা (knots) খোলা এবং জিনের প্রভাব সম্পূর্ণরূপে ধ্বংস করার জন্য সাজানো হয়েছে।

## পঠিত দোয়া ও আয়াতসমূহ

১. আল্লাহর ওপর তাওয়াক্কুল ও শয়তানের বিরুদ্ধে দোয়া:

بِسْمِ اللَّهِ وَاللَّهُ أَكْبَرُ، تَوَكَّلْنَا عَلَى اللَّهِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا

بِاللَّهِ، حَسْبِيَ اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ، حَسْبِيَ اللَّهُ عَلَى كُلِّ

شَيْطَانٍ وَسِحْرٍ فِي الْجَسَدِ

> **অর্থ:** আল্লাহর নামে এবং আল্লাহ সর্বশ্রেষ্ঠ। আমরা আল্লাহর ওপর ভরসা করেছি এবং আল্লাহর সাহায্য ছাড়া কোনো শক্তি বা ক্ষমতা নেই। আমার জন্য আল্লাহই যথেষ্ট এবং তিনি কতই না উত্তম কর্মবিধায়ক। শরীরের ভেতরে থাকা সকল শয়তান ও জাদুর বিরুদ্ধে আমার জন্য আল্লাহই যথেষ্ট।

২. পেটের জাদু ও গিরা ধ্বংসের দোয়া:

حَسْبِيَ اللَّهُ عَلَى كُلِّ عُقْدَةٍ كَبِيرَةٍ فِي الْبَطْنِ وَالْمَعِدَةِ،

وَكُلُّ شَيْطَانٍ دَاخِلَ الْعُقْدَةِ وَالسِّحْرِ يُحْرَقُ بِسْمِ اللَّهِ

> **অর্থ:** পেট ও পাকস্থলীতে থাকা প্রতিটি বড় গিরার (জাদুর গিঁট) বিরুদ্ধে আল্লাহই আমার জন্য যথেষ্ট। এবং গিরা ও জাদুর ভেতরে থাকা প্রতিটি শয়তান আল্লাহর নামে ভস্মীভূত হোক।

৩. জাদু একত্রিত ও বের করার দোয়া:

بِسْمِ اللَّهِ وَبِكَلِمَاتِهِ يُجْمَعُ السِّحْرُ، بِسْمِ اللَّهِ وَبِكَلِمَاتِهِ

يُسْحَبُ السِّحْرُ

> **অর্থ:** আল্লাহর নামে এবং তাঁর বাণীসমূহের অসিলায় (শরীরে ছড়িয়ে থাকা) জাদু একত্রিত করা হোক। আল্লাহর নামে এবং তাঁর বাণীসমূহের অসিলায় জাদু টেনে বের করা হোক।

৪. সূরা আল-ফাতিহা (১-৪):

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ (1) الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

(2) الرَّحْمَٰنِ الرَّحِيمِ (3) مَالِكِ يَوْمِ الدِّينِ (4)

৫. সূরা আল-ফাতিহা (৫-৭):

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (5) اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

(6) صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ

وَلَا الضَّالِّينَ (7)

৬. আয়াতুল কুরসী (সূরা আল-বাকারাহ: ২৫৫ - প্রথম অংশ):

اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَلَا نَوْمٌ ۚ لَهُ

مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ

৭. আয়াতুল কুরসী (দ্বিতীয় অংশ):

مَن ذَا الَّذِي يَشْفَعُ عِندَهُ إِلَّا بِإِذْنِهِ ۚ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ

وَمَا خَلْفَهُمْ ۖ

৮. আয়াতুল কুরসী (শেষ অংশ):

وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ

السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۖ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ

الْعَظِيمُ

৯. সূরা আল-বাকারাহ, আয়াত ১০২ (প্রথম অংশ):

وَاتَّبَعُوا مَا تَتْلُو الشَّيَاطِينُ عَلَىٰ مُلْكِ سُلَيْمَانَ ۖ وَمَا كَفَرَ

سُلَيْمَانُ وَلَٰكِنَّ الشَّيَاطِينَ كَفَرُوا يُعَلِّمُونَ النَّاسَ السِّحْرَ

১০. সূরা আল-বাকারাহ, আয়াত ১০২ (দ্বিতীয় অংশ):

وَمَا أُنزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوتَ وَمَارُوتَ ۚ وَمَا

يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّىٰ يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۖ

১১. সূরা আল-বাকারাহ, আয়াত ১০২ (শেষ অংশ):

فَيَتَعَلَّمُونَ مِنْهُمَا مَا يُفَرِّقُونَ بِهِ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهِ ۚ وَمَا

هُم بِضَارِّينَ بِهِ مِنْ أَحَدٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۚ

১২. জাদুর প্রভাব ধ্বংস করা (সূরা আল-আরাফ, ১১৭-১১৮):

وَأَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَلْقِ عَصَاكَ ۖ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا

يَأْفِكُونَ (117) فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ

(118)

**অর্থ:** আমি মূসার প্রতি ওহী করলাম, তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। অতঃপর তা জাদুকরদের মিথ্যা সৃষ্টিগুলোকে গিলতে লাগল। ফলে সত্য প্রতিষ্ঠিত হলো এবং তারা যা করছিল তা বাতিল হয়ে গেল।

১৩. জিন ও শয়তানকে বন্দি করা (সূরা গাফির, আয়াত ৭১):

إِذِ الْأَغْلَالُ فِي أَعْنَاقِهِمْ وَالسَّلَاسِلُ يُسْحَبُونَ

> **অর্থ:** যখন তাদের গলদেশে থাকবে শৃঙ্খল এবং শিকল, তাদের টেনে হিঁচড়ে নিয়ে যাওয়া হবে।

১৪. জিন ও জাদুর প্রভাব বের করা (সূরা সোয়াদ, আয়াত ৭৭):

قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ

> **অর্থ:** তিনি বললেন, অতএব, তুমি এখান থেকে বের হয়ে যাও, কেননা তুমি বিতাড়িত।

১৫. শরীরের ভেতর থেকে জাদুর প্রভাব নির্গত করা (সূরা আত-তারিক, আয়াত ৭):

يَخْرُجُ مِن بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ

> **অর্থ:** যা মেরুদণ্ড ও বক্ষপঞ্জরের মধ্যখান থেকে নির্গত হয়। (জাদুর প্রভাব বের করার নিয়তে)

১৬. জাদুর আমল ধ্বংস করা (সূরা আল-ফুরকান, আয়াত ২৩):

وَقَدِمْنَا إِلَىٰ مَا عَمِلُوا مِنْ عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاءً مَّنثُورًا

১৭. শরীর থেকে জাদুর ভার বের করা (সূরা আয-যিলযাল, ১-৩):

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا (1) وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا

(2) وَقَالَ الْإِنسَانُ مَا لَهَا (3)

## 📌 সেলফ রুকইয়াহ গাইডলাইন

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন। পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন। তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী...

### নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম

**"হে আল্লাহ আমার শরীরে ও রক্তে ছড়িয়ে থাকা জাদু, জাদুর গিরা, পেটের ব্লকেজ এবং শয়তান জিনের প্রভাব এর সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"**

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস পাঠ করবেন।

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, সিদর পাতা, এগুলোতে ফুঁ দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন।

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

### সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

**সাজেস্টেড অডিও:** https://www.youtube.com/watch?v=m3xVSqd4N5Q (رقية جمع السحر المنتشر في الجسم والدم وفك العقدة)

### রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন

গোসলের নিয়ম: এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, এক চামচ পিঙ্ক সল্ট, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি সিদর পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন।

এরপর এই ১ বালতি পানি থেকে আরেক বালতি পানি আপনার মাথার উপর থেকে আস্তে আস্তে ঢালবেন এবং পুরো শরীর ম্যাসাজ করবেন। পরবর্তীতে নরমাল ফ্রেশ পানি দিয়ে গোসল করে শরীর পরিষ্কার করে নিবেন।

### পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন। বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন।

### পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন। একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

### আমল

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া।

### সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

---

WhatsApp: 01886608999 | Telegram: Al Quranic Ruqyah Healing

Reference Video: https://www.youtube.com/watch?v=m3xVSqd4N5Q